BNGG(GEN)-02

West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2010

PART – II (General)

BENGALI

Paper – II

বাংলা — সাধারণ

দ্বিতীয় পত্র

Duration : 3 Hours Full Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয় ।

১। ক) 'গৌরচন্দ্রিকা' কাকে বলে ? গৌরাঙ্গ বিষয়ক পদের সঙ্গে তার পার্থক্য কোথায় ? এই পর্যায়ের পদের শ্রেষ্ঠ কবির নাম কী ? তাঁর রচিত একটি 'গৌরচন্দ্রিকা' পদের কাব্য সৌন্দর্য্য বিশ্লেষণ করুন । ৩ + ৩ + ১ + ৮

অথবা

খ) "কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান" — বৈষ্ণব পদাবলীর কোন্ পর্যায়ের পদ ? রচয়িতা কে ? এই পর্যায়ে তাঁর শ্রেষ্ঠত্বের কারণগুলি নির্দেশ করুন । ১ + ১ + ১৩

২। ক) 'মেঘনাদ বধ' কাব্যের প্রথম সর্গ অবলম্বনে 'বারুণী-মুরলা-রমা' সংবাদ অংশটি নিজের ভাষায় লিখুন এবং মেঘনাদ বধ প্রসঙ্গে এই সংবাদের গুরুত্ব নির্ণয় করুন । ৯ + ৬

অথবা

খ) 'মেঘনাদ বধ' কাব্যের সীমিত পরিসরে প্রথম সর্গ অবলম্বনে মেঘনাদের চরিত্র গৌরবের যে পরিচয় পাওয়া যায় তা নিজের ভাষায় বিবৃত করুন । ১৫

৩। ক) 'পুনশ্চ' কাব্যের 'সাধারণ মেয়ে' কবিতার সাধারণ মেয়েটির নাম কী ? কার কাছে সে গল্প লেখার আবেদন জানিয়েছিল ? সাধারণ মেয়েটি যাকে ভালবেসেছিল তার নাম কী ? সে কল্পনায় কোন প্রতিষ্ঠানে কি বিষয়ে ডিগ্রি লাভ করতে চেয়েছিল ? করিতা অনুসরণে তার অপূর্ণ ইচ্ছার স্বরূপ বিশ্লেষণ করুন ।

১ + ১ + ১ + ২ + ১০

খ) 'পুনশ্চ' কাব্যগ্রন্থের 'ছেলেটা' কবিতায় কবি শৈশবের যে মর্মস্পর্শী কথাচিত্র রচনা করেছেন তা নিজের ভাষায় বর্ণনা করুন । ১৫

৪। ক) "নষ্টনীড় পাখি কাঁদে আমাদের গ্রামে

রক্ত মাখা হাড় দেখি সাজানো বাগানে।"

কবি ও কাব্যগ্রন্থের নাম উল্লেখ করুন। কবিতায় বিপর্যস্ত ভারতবর্ষের যে করুণ চিত্র লিপিবদ্ধ হয়েছে তা নিজের ভাষায় বিবৃত করুন। ১ + ১ + ১৩

অথবা

খ) "পঁচিশ বছর প্রতীক্ষায় আছি" — কে কার জন্য প্রতীক্ষায় আছেন ? কোন্ কোন্ ঘটনা কবির মনে আক্ষেপ সৃষ্টি করেছে ? কবিতাটিতে কবির যে ক্ষোভ ও হতাশার ছবি ফুটে উঠেছে তা বর্ণনা করুন। ২ + ৮ + ৫

৫। নীচে উদ্ধৃত অংশগুলির রচয়িতার নাম ও প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করুন ঃ ৪ × ৫ = ২০

ক) "আমারে বিদায় দেহ / এ দুঃখে যমুনা হব পার।"

অথবা

"সুন্দরি কৈছে করবি অভিসার,

হরি রহ মানস-সুরধুনী পার।"

খ) "কে কবে শুনেছে পুত্র, ভাসে শিলা জলে,

কে কবে শুনেছে, লোক মরি পুনঃ বাঁচে ?"

"ফুলদল দিয়া

কাটিলা কি বিধাতা শাল্মলী তরুবরে ?"

গ) "অন্তরের দৃষ্টি দিয়ে কাজ করিয়ে নেবেন অন্তর্যামী,

যতক্ষণ কাজ চলবে ; চোখ খুলব না।"

"বাঁশির করুণ ডাক বেয়ে

ছেঁড়া ছাতা রাজছত্র মিলে চলে গেছে

এক বৈকুণ্ঠের দিকে।"

ঘ) "আমার ভারতবর্ষ চেনে না তাদের

মানে না তাদের 'পরোয়ানা'।"

"দেশ দেখাচ্ছে অন্ধকারের মধ্যে তুমি

বার করেছ নতুন খেলা।"

৬। ক) উদাহরণসহ দলবৃত্ত বা স্বরবৃত্ত ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করুন।

অথবা

খ) উদাহরণসহ যে কোন দুটি আলোচনা করুন ঃ ২ × ৬ = ১২

মাত্রা, অক্ষর, যতি, চরণ।

৭। ছন্দোলিপি রচনা করুন (যে কোন দুটি) ঃ ২ × ৪ = ৮

অ) বেলা যে পড়ে এল জলকে চল
পুরানো সেই সুরে কে যেন ডাকে দূরে
কোথা সে ছায়া সখী কোথা সে জল

আ) আমি যদি জন্ম নিতেম কালিদাসের কালে
দৈবে হতেম দশম রত্ন নবরত্নের মালে।
মনে ভাবিলাম মোরে ভগবান রাখিবে না মোহগর্তে
তাই লিখি দিল বিশ্বনিখিল দু-বিঘার পরিবর্তে।

ঈ) বর্ষে বর্ষে দলে দলে আসে বিদ্যামঠতলে
চলে যায় তারা কলরবে।
কৈশোরের কিশলয় পর্ণে পরিণত হয়
যৌবনের শ্যামল গৌরবে।

উ) গুপ্তিপাড়ায় জন্ম তাহার নিন্দাবাদের দংশনে
অভিমানে মরতে গেল মোগলসরাই জংশনে
কাছা কোঁচা ঘুরিয়ে গুপী ধরলো ইজের পরলো টুপি
দুহাত দিয়ে লেগে গেল কোফ্‌তা কাবাব ধ্বংসনে।

West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2010

PART – II (General)

BENGALI

Paper – III

বাংলা — সাধারণ

তৃতীয় পত্র

Duration : 3 Hours Full Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয় ।

১। ক) "ভারতবর্ষে মানবের ইতিহাস একটি বিশেষ সার্থকতার মূর্তি পরিগ্রহ করিবে, পরিপূর্ণতাকে একটি অপূর্ব আকার দান করিয়া তাহাকে সমস্ত মানবের সামগ্রী করিয়া তুলিবে ।" — 'পূর্ব ও পশ্চিম' প্রবন্ধে রবীন্দ্রনাথের এই প্রত্যাশা কোন্ পরিপ্রেক্ষিতে সত্য, তার পরিচয় দিন । ১৫

অথবা

খ) "... কেকারব বর্ষাঋতুর নিখাদ সুর, তাহার আঘাত বিরহবেদনার ঠিক উপরে গিয়াই পড়ে ।" — রবীন্দ্র-অনুভবের অনুসরণে মন্তব্যটি বিশ্লেষণ করুন ।

২। যে-কোন **একটির** সংক্ষিপ্ত উত্তর দিন ঃ ১ × ৫ = ৫

ক) " 'ইম্পীরিয়ালিজ্‌ম্' হচ্ছে অজগর সাপের ঐক্যনীতি ; গিলে খাওয়াকেই সে এক করা বলে প্রচার করে ।" — 'ইম্পীরিয়ালিজ্‌ম্' এবং 'অজগর সাপের' সাদৃশ্য কোথায় সংক্ষেপে বলুন । ৫

খ) "গ্রহণ করিবার, মিলন করিবার, সৃজন করিবার প্রতিভাই তাঁহার ছিল ।" — এখানে কার সম্পর্কে মন্তব্যটি করা হয়েছে ? গ্রহণ, মিলন এবং সৃজনে ভারতবর্ষের সাধনাকে তিনি যেখানে পৌঁছে দিতে চেয়েছিলেন — তার সংক্ষিপ্ত পরিচয় দিন । ১ + ৪

গ) "কোনো ইংরেজ কবি লিখিয়াছেন, মানুষেরা এক-একটি বিচ্ছিন্ন দ্বীপের মতো । পরস্পরের মধ্যে অপরিমেয় অশ্রুলবণাক্ত সমুদ্র ।" — ইংরেজ কবি কেন বলেছেন 'মানুষেরা এক-একটি বিচ্ছিন্ন দ্বীপের মতো' এবং কেনই বা তাদের মধ্যে 'অশ্রুলবণাক্ত সমুদ্র' অপরিমেয় ? ৫

৩। ক) "কপালকুণ্ডলা"-য় উপন্যাসের দাবি ও কবিত্ব সার্থকভাবে সমন্বিত হয়েছে — মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ ক
দেখান।

অথবা

খ) 'কপালকুণ্ডলা' উপন্যাসে কাপালিক ও অধিকারী চরিত্র দুটির ভূমিকা আলোচনা করুন।

৪। যে-কোন একটির সংক্ষিপ্ত উত্তর দিনঃ ১×৫

ক) "আঃ, তোর নবকুমার কি আছে ? তাকে শিয়ালে খাইয়াছে।"

— বক্তা কে ? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দিন

খ) "তুমি ত কখনও রূপ দেখিয়া উন্মত্ত হও নাই।"

— কে, কাকে এই মন্তব্যটি করেছিল ? মন্তব্যটিতে বক্তার মানসিক অবস্থার কী পরিচয় পাওয়া যায় ?

গ) "কপালকুণ্ডলা ভাবিলেন, ভিক্ষুক দৌড়িল কেন ?"

— ভিক্ষুকের দৌড় কপালকুণ্ডলাকে কেন ভাবনায় ফেলেছিলো ?

৫। 'পল্লীসমাজ' উপন্যাসে রমেশের পিতৃশ্রাদ্ধের দৃশ্যগুলিতে সমকালীন গ্রামীণ সমাজের যে প্রতিফলন ঘটেছে তার পরি
দিন।

" 'পল্লীসমাজ'-এ যে সামাজিক আদর্শের বিকৃতি দেখান হইয়াছে তাহার সুস্থ সতেজ ভাবের প্রতীক বিশ্বেশ্বরী
বিশ্বেশ্বরী চরিত্রটি বিশ্লেষণ করে এই মন্তব্যের যথার্থতা নির্ণয় করুন।

৬। যে-কোন একটির সংক্ষিপ্ত উত্তর দিনঃ ১×৫

ক) "কচি খোকাটি নও যে ভদ্দরলোকের বাড়ির ভেতর ঢুকে আবদার করে বেড়াবে।" — কে, কাকে বলে
প্রসঙ্গ উল্লেখ করে বক্তার মনোভাবের পরিচয় দিন। ১ + ১

খ) "কৈ গো, বাবাজী কোথায় গো ? বলিয়া একটি শীর্ণকায় মুণ্ডিতশ্মশ্রু প্রাচীন ব্রাহ্মণ প্রবেশ করিল, ইহার
গুটি তিনেক ছেলেমেয়ে।" — 'বাবাজী' বলতে কাকে বোঝানো হ'য়েছে ? শীর্ণকায় ব্রাহ্মণটি কে এবং
প্রবেশের কারণ কী ? ১ + ১

গ) "হাঁ — মায়ের দুধ খেয়েছিল বটে ছোটবাবু ! লাঠি ধরলে বটে !"

— কার উক্তি ? ছোটবাবু কে ? কোন্ ঘটনার পরিপ্রেক্ষিতে তাকে লাঠি ধরতে হ'য়েছিলো ? ১ + ১

৭। ক) স্বাধিকার প্রমত্ত, বাসনা কলঙ্কিত প্রেম বিশ্বনীতিকে লঙ্ঘন করতে গিয়ে যে আনন্দহীন পরিস্থিতি সৃষ্টি করে
'রাজা ও রাণী' নাটকের মূল ঘটনাধারা অনুসরণ করে তার পরিচয় দিন।

অথবা

খ) 'রাজা ও রাণী' নাটকে সুমিত্রা চরিত্রের স্বতন্ত্রতার দিকটি বিশ্লেষণ করে দেখান।

৮। যে-কোন **একটির** সংক্ষিপ্ত উত্তর দিন ঃ ১ × ৫ = ৫

ক) "ভুলেছি মহিমাস্তব, শিখেছি গাহিতে নারীর মহিমা ।"

— কথাটি কে কাকে কোন্ প্রসঙ্গে ব'লেছে ? ১ + ১ + ৩

খ) "রাজশ্রী দুয়ারে বসি অনাথার বেশে কাঁদে হাহাকার রবে ।"

— কথাটি কার ? 'রাজশ্রী' কিভাবে এ পরিণতিতে এসে পৌঁছেছেন ? ১ + ৪

গ) "অরাজক কে বলিবে ? সহস্ররাজক ।"

— এই কথাটি কে কাকে বলেছে ? 'অরাজক' ও 'সহস্ররাজক' শব্দ দুটি এখানে কোন্ তাৎপর্যে প্রযুক্ত হয়েছে ?

১ + ১ + ৩

৯। ক) "ব্রজরাণীর চোখ দিয়া ঝর ঝর করিয়া জল ঝরিয়া পড়িল ।

করুণায় মমতায় সে যেন দেবীই হইয়া উঠিয়াছে ।"

— এই মন্তব্যের আলোয় ব্রজরাণী চরিত্রের উদ্ভাসিত মহিমার দিকটি বিশ্লেষণ করুন ।

অথবা

নরেন্দ্রনাথ মিত্রের 'চড়াই-উৎরাই' গল্পটি বিশ্লেষণ করে এর নামকরণ কতদূর যথার্থ হয়েছে — আলোচনা করুন ।

১০। যে-কোন **একটির** সংক্ষিপ্ত উত্তর দিন ঃ ১ × ৫ = ৫

ক) "খালি জম্মো দিলেই বাপ হয় না, অন্ন দিলেও হয় ।"

— উক্তিটি কার ? বক্তা 'বাপ' বলতে কাকে বুঝিয়েছে ? তার সম্পর্কে এরকম মন্তব্যের কারণ কী ?

১ + ১ + ৩

খ) "ক্ষেন্তিকে কি অপরে ঠিক বুঝিবে ?" — কার মনে এই দুর্ভাবনা ? দুর্ভাবনার কারণ আলোচনা করুন ।

১ + ৪

গ) "Be worldly my friend, be practical" — উক্তিটি কার ? কাকে বলেছে ? প্রসঙ্গ উল্লেখ করে বক্তার চরিত্রের কোন্ দিকটি এখানে বড় হয়ে উঠেছে, তা নির্দেশ করুন । ১ + ১ + ৩